

📖 সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৪১৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৪১৪]

পর্ব-১৪: জুমু'আহ্ (إِجَابُ الْجُمُعَةِ)

পরিচ্ছেদঃ ৩০: জুমুআর দিন ইমামের খুৎবা শেষ করার পূর্বে মিস্বার থেকে নেমে যাওয়া এবং তাঁর খুৎবা বন্ধ করা, অতঃপর আবার তা শুরু করা

بَابُ نُزُولِ الْإِمَامِ عَنِ الْمِنْبَرِ قَبْلَ فَرَاغِهِ مِنَ الْخُطْبَةِ وَقَطْعِهِ كَلَامَهُ وَرُجُوعِهِ إِلَيْهِ يَوْمَ الْجُمُعَةِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الْعَزِيزِ، قَالَ: حَدَّثَنَا الْفَضْلُ بْنُ مُوسَى، عَنْ حُسَيْنِ بْنِ وَاقِدٍ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ بُرَيْدَةَ، عَنْ أَبِيهِ، قَالَ: كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَخْطُبُ فَجَاءَ الْحَسَنُ وَالْحُسَيْنُ رَضِيَ اللَّهُ عَنْهُمَا، وَعَلَيْهِمَا قَمِيصَانِ أَحْمَرَانِ يَعْثُرَانِ فِيهِمَا، فَنَزَلَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَطَعَ كَلَامَهُ، فَحَمَلَهُمَا ثُمَّ عَادَ إِلَى الْمِنْبَرِ، ثُمَّ قَالَ: صَدَقَ اللَّهُ إِنَّمَا أَمْوَالُكُمْ وَأَوْلَادُكُمْ فِتْنَةٌ سَوْرَةُ التَّغَابُنِ آيَةٌ ١٥، رَأَيْتُ هَذَيْنِ يَعْثُرَانِ فِي قَمِيصَيْهِمَا، فَلَمْ أَصْبِرْ حَتَّى قَطَعْتُ كَلَامِي فَحَمَلْتُهُمَا .

تخريج دارالدعوة: سنن أبي داود/الصلاة ٢٣٣ (١١٠٩)، سنن الترمذی/المناقب ٣١ (٣٧٧٢)، سنن ابن ماجه/اللباس ٢٠ (٣٦٠٠)، (تحفة الأشراف: ١٩٥٨)، مسند احمد ٥/٣٥٢، ویأتی عند المؤلف برقم: ١٥٨٦ (صحیح)

صحیح وضعیف سنن النسائي الألباني: حدیث نمبر 1414 - صحیح

বাংলা

১৪১৩. মুহাম্মাদ ইবনু 'আবদুল আযীয (রহ.) বুয়দাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী (সা.) খুৎবা দিচ্ছিলেন এমন সময় হাসান ও হুসায়ন (রাঃ) আসলেন; তাঁদের পরিধানে দু'টি লাল জামা ছিল। তাঁরা দুর্বলতা হেতু এদিকে-ঐদিক পড়ে যাচ্ছিলেন, তাই নবী (সা.) নেমে আসলেন এবং তাঁর খুৎবা বন্ধ করে দিলেন। তিনি তাদের উভয়কে তুলে নিলেন ও মিস্বারের উপরে ফিরে আসলেন। অতঃপর বললেন, আল্লাহ তা'আলা সত্যই বলেছেন- “তোমাদের সম্পদ ও সন্তান-সন্ততি তো তোমাদের জন্যে পরীক্ষা (সূরাহ আত্ তাগাবুন ৬৪: ১৫)। আমি

তাদের দু'জনকেই দেখলাম যে, তাদের জামা নিয়ে তারা এদিক-ওদিক পড়ে যাচ্ছিল, কাজেই আমি ধৈর্যধারণ করতে পারলাম না, আমি আমার খুৎবা বন্ধ করে দিলাম এবং তাদেরকে উঠিয়ে নিয়ে এলাম।

English

The Imam Coming Down From The Minbar Before He Finishes The Khutbah, Interrupting Himself And Going Back To The Minbar

It was narrated from 'Abdullah bin Buraidah that: His father said: The Prophet (ﷺ) was preaching, then Al-Hasan and Al-Husain came, wearing red shirts and stumbling in them. The Prophet (ﷺ) came down, interrupting himself, and picked them up, then he went back to the minbar and said: 'Allah has spoken the truth: Your wealth and your children are only a trial. I saw these two stumbling in their shirts and I could not continue until I had interrupted myself and picked them up.'

ফুটনোট

সহীহ: আবু দাউদ ১১০৯, তিরমিযী ৩৭৭৪, ইবনু মাজাহ ৩৬০০।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ বুয়ায়দাহ ইবনু হুসাইব আল-আসলামী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=89909>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন